

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ আগস্ট ২০২১ খ্রি.

সড়কে এলইডি বাতি প্রতিস্থাপন প্রকল্প বাস্তবায়ন হলে
আলো জ্বলমল নগরীতে কোথাও
সামান্য অন্ধকারও দেখা যাবে না

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর নির্বাচনী ইসতেহারে ঘোষিত নগরীকে স্মার্ট সিটিতে রূপান্তরের আলোকে 'এলইডি বাতি দ্বারা আলোকায়নের কর্মপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এই কর্মপরিকল্পনা অনুযায়ী নগরীর আবাসিক ও বাণিজ্যিক এলাকার সড়কগুলো সূর্যাস্তের পর থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত সার্বক্ষণিক আলোকিত থাকবে। তখন আলো জ্বলমল নগরীতে কোথাও অন্ধকারের সামান্য চিহ্নমাত্রাও দেখা যাবে না।

আজ শনিবার বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পুরাতন নগর ভবনস্থ কে.বি.আবদুচ সত্তার মিলনায়তনে সড়ক বাতির সুইচ অন-অফ কাজে দায়িত্বপ্রাপ্ত ইমাম, মুয়াজ্জিন ও পুরোহিতদের বাৎসরিক সম্মানী ভাতা প্রদান অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চসিক বিদ্যুৎ স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর মো. মোরশেদ আলম একথা বলেন।

এই অনুষ্ঠানে এলইডি আলোকায়নের অগ্রগতি ও কর্মপরিকল্পনা উপস্থাপন করে আরো বক্তব্য রাখেন-প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর অধ্যাপক মোহাম্মদ ইসমাইল, ওয়াসিম উদ্দিন চৌধুরী। আগত বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) বুলন কুমার দাশ। চসিক নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) রেজাউল বারী ভূঁইয়ার পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিবিএর সিনিয়র সহসভাপতি জাহিদুল আলম চৌধুরী।

সভায় জানানো হয় এ পর্যন্ত নগরীর ২শত কিলোমিটার সড়কে এলইডি বাতি প্রতিস্থাপন করা হয়েছে। অচিরেই আরো ৪শত কিলোমিটার সড়কে এলইডি বাতি প্রতিস্থাপনের জন্য দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন রয়েছে। আরো জানানো হয় যে, নগরীর ৫৩টি মোড়ে 'এলইডি অত্যাধুনিক ট্রাফিক সিগন্যাল পোস্ট স্থাপনের কাজও দ্রুত সম্পন্ন করা হচ্ছে। বর্তমানে নগরীকে স্মার্ট সিটিতে রূপান্তরের প্রধান অনুষ্ণ এলইডি বাতি প্রতিস্থাপন করে আলোকায়ন করতে মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নির্দেশনায় বিদ্যুৎ স্ট্যান্ডিং কমিটির সভাপতি মো. মোরশেদ আলমের নেতৃত্বে চসিক বিদ্যুৎ বিভাগের প্রকৌশলী ও জনবল সার্বক্ষণিকভাবে নিয়োজিত আছেন। সভায় আরো জানানো হয়, এলইডি আলোকায়ন যেহেতু বিদ্যুৎ সাস্রয়ী সে কারণে এই কর্মপরিকল্পনাকে অগ্রাধিকার বিবেচনায় গুরুত্ব দেয়া হয়েছে এবং ভবিষ্যতে বিদ্যুৎ বিল অর্ধেকে নেমে আসবে।

জাতীয় শোক দিবসে চসিকের কর্মসূচি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আগামীকাল জাতীয় শোক দিবস উপলক্ষে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে রয়েছে সূর্যোদয়ের সাথে সাথে চসিক প্রধান, আঞ্চলিক, ওয়ার্ড কার্যালয় ও চসিক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতাল সমূহে জাতীয় পতাকা অর্ধনমিত করণ, কালো ব্যাজ ধারণ, সকাল ৯.১ মিনিটে নগর ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মেয়র, কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ, ৯.১৫ মিনিটে টাইগারপাস্ত্র অস্থায়ী ভবনের সম্মেলন কক্ষে খতমে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মুনাজাত, ৯.৩০ মিনিটে মেমন জেনারেল হাসপাতালে দিনব্যাপী স্বাস্থ্যসেবা কার্যক্রমের উদ্বোধন, ১০.৩০ মিনিটে থিয়েটার ইনস্টিটিউট হলে আলোচনা সভা, ১১.৩০ মিনিটে থিয়েটার ইনস্টিটিউট প্রাঙ্গণে বৃক্ষ রোপন কর্মসূচি ও বাদ যোহর সিটি কর্পোরেশন পরিচালিত মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসা সমূহে মিলাদ ও বিশেষ মুনাজাত অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানগুলোতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩